ইত্তেফাক

তারিখ 13 JUL 1986

পৃষ্ঠা 1 কলাম 5

000045

# ৬১৯টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের কর্মসূচী গৃহীত

সরকার সার্বজনীন প্রাথমিক শিক্ষা ( দ্বিতীয় পর্যায় ) প্রকল্পের অধীনে দেশের বিভিন্ন এলাকায় ৬১৯টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও ৭৫২টি প্রাথমিক বিদ্যালয় মেরামতের কাজ হাতে নিয়াছেন। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ফ্যাসিলিটিস বিভাগের তত্ত্বাবধানে এসকল বিদ্যালয়ের মেরামত ও নির্মাণ কাজ আগাইয়া চলিতেছে।

সার্বজনীন প্রাথমিক শিক্ষা

(১২শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক বিদ্যালয় নির্মাণ

(১ম পৃঃ পর)

( ইউপিই ) প্রকল্পের জন্য তৃতীয় পাঁচসালা পরিকল্পনাকালে মোট ৫১২ কোটি ৬৮ লাখ টাকা বরাদ্দ করা হইয়াছে। এই প্রকল্পের অধীনে দেশের মেট্রোপলিটন শহরগুলিতে মোট ১৫৬টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হইবে এবং প্রতিটি বিদ্যালয়ের নির্মাণ ব্যয় পড়িবে প্রায় ২৪ লাখ টাকা। বিশ্বব্যাংক এই ব্যাপারে অর্থ সাহায্য করিবে।

এই প্রকল্পের আওতাধীন দেশের প্রতিটি জেলা সদর দপ্তরে ১১৯টি দোতলা প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হইবে। ঢাকা, খুলনা. রাজশাহী ও চট্টগ্রাম বিভাগীয় শহরে ১৯টি দোতলা প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ সমাপ্তির পথে। ইহার মধ্যে ঢাকা শহরে ১২টি এবং রাজশাহী, খুলনা ও চট্টগ্রাম শহরে ২টি করিয়া বিদ্যালয় নির্মাণ করা হইতেছে।

দেশের ১০২টি উপজেলাকে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের আওতার আনা হইয়াছে। এই পর্যায়ে ৬১৯টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণে ৮ কোটি ৪০ লাখ টাকা ব্যয় হইবে এবং ৭৫২টি প্রাথমিক বিদ্যালয় মেরামত-এর কাজে ব্যয় হইবে ৮ কোটি ৯৩ লাখ টাকা। ১৯৯০ সাল নাগাদ প্রাথমিক পর্যায়ে পঞ্চম শ্রেণী পর্যন্ত শতকরা ৭০ ভাগ ছাত্র-ছাত্রীকে স্কুলে ধরিয়া রাখা এবং স্কুল ত্যাগ বন্ধ করা এই প্রকল্পের মূল লক্ষ্য। —তথ্য বিবরণী।